

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশিক্ষণ শাখা
www.mof.gov.bd

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.১৯০.২৫.০১৩.২৪-২৬৭

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩১

৩০ জুন ২০২৪

বিষয়: অর্থ বিভাগের আওতাধীন আওতাধীন Institute of Public Finance Bangladesh (IPF) কর্তৃক আয়োজিত “Budget Management Specialist (BMS)” শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৩৩তম ব্যাচে অংশগ্রহণের জন্য কর্মকর্তা মনোনয়ন।

সূত্র: আইপিএফ এর স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.২৫.০০৩.২৩-১৫৩; তারিখ: ২৪/০৬/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের আওতাধীন IPF কর্তৃক আয়োজিত ৩৩তম “Budget Management Specialist (BMS)” শীর্ষক প্রশিক্ষণ আগামী আগস্ট ২০২৪ মাসের প্রথম সপ্তাহ হতে শুরু হবে।

০২। কোর্স সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

- (ক) প্রশিক্ষণের মেয়াদ ২৫ দিন।
(খ) মোট ২৫ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে।
(গ) উক্ত কোর্সের মূল্যায়ন পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রথম ০৭(সাত) জন প্রশিক্ষণার্থীকে স্বল্প মেয়াদে বিদেশে প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে।
(ঘ) এ কোর্সটি অনাবাসিক এবং অংশগ্রহণের জন্য কোন ফি প্রদান করতে হবে না। কোর্স সংক্রান্ত যেকোন তথ্যের জন্য জনাব মোঃ আকরাম আলী, উপ-পরিচালক (উপসচিব), আইপিএফ এর সাথে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে (মোবাইল-০১৭২২১১২৪৮২)।

০৩। আবেদনের শর্তসমূহঃ

- (ক) সহকারী সচিব, সিনিয়র সহকারী সচিব ও উপসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তাগণ, বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস, বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনীতে কর্মরত কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন।
(খ) ইতঃপূর্বে যে সকল কর্মকর্তা FEEM বা BMS কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদেরকে আবেদন করতে নিরুৎসাহিত করা হলো।
(গ) বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন কাজের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের অগ্রাধিকার দেয়া হবে।
(ঘ) যথাযথ কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষরবিহীন, অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।
(ঙ) মনোনয়ন প্রস্তাব পাওয়ার পর অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৪। আগ্রহী কর্মকর্তাকে আগামী ১৫ জুলাই ২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দৃ:আ: উপসচিব, প্রশিক্ষণ শাখা], বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর সরাসরি অথবা ই-মেইলে (trainingsection.fd2@gmail.com) নির্ধারিত ফরমে আবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আবেদনের নির্ধারিত ফরম, বিজ্ঞপ্তির কপি অর্থ বিভাগের ওয়েবসাইটে (www.mof.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) পাওয়া যাবে।

৩০-৬-২০২৪

ইশরাত জাবিন

উপসচিব

ফোন: ৫৫১০১৩১৪

ইমেইল:

trainingsection.fd2@gmail.com

বিতরণ :

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল , কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর দপ্তর, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
- ৩) সিজিএ, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
- ৪) বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রংপুর/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ
- ৫) জেলা প্রশাসক (সকল)


স্মারক নম্বর: ০৭.০০.০০০০.১৯০.২৫.০১৩.২৪-২৬৭/১(৮)

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩১

৩০ জুন ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা
- ২) অতিরিক্ত সচিব, প্রশাসন ও টিডিএম, অর্থ বিভাগ
- ৩) অতিরিক্ত সচিব, প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ, অর্থ বিভাগ
- ৪) যুগ্ম সচিব, প্রশাসন অধিশাখা, অর্থ বিভাগ
- ৫) উপ-পরিচালক (উপসচিব), আইপিএফ, সেগুনবাগিচা, ঢাকা
- ৬) একান্ত সচিব (উপসচিব), সচিবের দপ্তর, অর্থ বিভাগ
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ



৩০-৬-২০২৪

ইশরাত জাবিন

উপসচিব